গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website : www.dnc.gov.bd

**''মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস''২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপকমিটিসমূহের কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ মনিরুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : | ২০ মে ২০২৪, বেলা- ১১:০০ টা |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ২৬ জুন জাতিসংঘ ঘোষিত মাদকবিরোধী একটি গুরুত্বপূর্ণ দিবস। মাদকের বিরুদ্ধে সরকারের ঘোষিত জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে মাদকবিরোধী অভিযানের পাশাপাশি দেশের জনগণকে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতন করতে হবে। তাই জাতিসংঘ ঘোষিত মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস যথাযথ গুরুত্বের সাথে উদযাপন করতে হবে। দিবসটির মূলবার্তা জনসাধারণের মধ্যে বিশেষ করে তরুণ ও যুব সমাজের মধ্যে ছড়িয়ে দেয়ার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। তিনি ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপকমিটিসমূহের আহ্বায়ক এবং সদস্য সচিবগণকে তাঁদের স্ব-স্ব কমিটির কার্যপরিধি অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরার জন্য অনুরোধ করেন।

**০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

| ক্রঃ নং | উপকমিটির নাম | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য আলোচনা সভা অনুষ্ঠান উপ-কমিটি | মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস পালনের জন্য উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং ওসমানী স্মৃতি মিলনায়তন বরাদ্দ প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০২ মে ২০২৪ তারিখের ২৫.০০.০০০০.০৪৮.৯৯.০৪৭.০৫.৫১ নম্বর স্মারকে বরাদ্দ প্রদান করা হয়েছে। | মানববন্ধন ও র‍্যালী সুষ্ঠুভাবে আয়োজন করতে হবে। আগত অতিথিদের আপ্যায়নের ব্যবস্থ গ্রহণ করতে হবে এবং অনুষ্ঠান স্থলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অতিসত্বর কমিটির সভা আহ্বান করতে হবে। |
| ০৩. | বাণী ও ক্রোড়পত্র প্রকাশ এবং মাদকবিরোধী প্রচারণা উপ-কমিটি | সংশ্লিষ্ট সকলের বানীর খসড়া কপি পাওয়া গেছে। প্রাপ্ত বানীগুলো চূড়ান্তকরণের জন্য কার্যক্রম চলমান রয়েছে। | বাণী চূড়ান্ত করে দ্রুত স্বাক্ষরিত বাণী সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দ্রুত সব ডিও লেটার প্রেরণের ব্যবস্থা করতে হবে। |
| ০৪. | মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও নিবন্ধিত বেসরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মসূচি পালন উপ-কমিটি | বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্র ও নিবন্ধিত এনজিওসমূহের মধ্য হতে সেরা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাই করে শ্রীঘ্রই কমিটির সভা আহ্বান করা হবে। | বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্র ও নিবন্ধিত এনজিওসমূহের মধ্য হতে সেরা প্রতিষ্ঠান নির্বাচন করে যথাসময়ে চূড়ান্ত তালিকা প্রস্তুত করতে হবে। |

| ক্রঃ নং | উপকমিটির নাম | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৫। | মাদকবিরোধী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন উপ কমিটি | মাদকবিরোধী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যালয় হতে বিজয়ীদের তালিকা প্রাপ্তির পর চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। | গ্রুপভিত্তিক তালিকা প্রস্তুত করে পুরষ্কার ক্রয়ের ব্যবস্থা করতে হবে। |
| ০৬। | মাদকবিরোধী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা মূল্যায়ন উপ কমিটি | মাদকবিরোধী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন উপ কমিটি কর্তৃক রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের পর তা মূল্যায়ন করা হবে। | মাদকবিরোধী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা দ্রুত মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ০৭। | আপ্যায়ন উপ-কমিটি | --- | অনুষ্ঠানের পূর্বে সভা আহ্বান করে অনুষ্ঠানে আগতদের সংখ্যার উপর ভিত্তি করে সুষ্ঠুভাবে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
(মুহাম্মদ মনিরুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৭.২৩.০১৩(খন্ড-৩).১৯- **৪৫৪**

তারিখঃ ২৬/০৫/২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা
৪. অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৫. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৬. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৭. ব্যবস্থাপনা পরিচালক, পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোং লিঃ, ৩৬ দিলকুশা সি/এ, ৪র্থ তলা, ঢাকা-১০০০।
৮. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো কার্যালয় (দক্ষিণ), ঢাকা।
৯. সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/চিকিৎসা ও পুনর্বাসন/অপারেশনস/অর্থ ও হিসাব/), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. সহকারী পরিচালক (স্টাফ অফিসার টু ডিজি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি/মাস্টার ফাইল।

26/05/24

(মোঃ আব্দুল আলিম)
সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)